

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫২৩০

আগরতলা, ১৬ মার্চ, ২০২৪

**লোকসভা নির্বাচন ২০২৪ : সাংবাদিক সম্মেলনে পশ্চিম ত্রিপুরা জেলার জেলা নির্বাচন আধিকারিক  
সাধারণ মানুষ ও বিভিন্ন রাজনৈতিক দলের  
সহযোগিতায় নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করা হবে**

আগামী ১৯ এপ্রিল, ২০২৪ ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের ভোটগ্রহণ করা হবে। একই সঙ্গে এদিন ৭-রামনগর বিধানসভা আসনের উপনির্বাচনও অনুষ্ঠিত হবে। সাধারণ মানুষ ও বিভিন্ন রাজনৈতিক দলের সহযোগিতায় ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের নির্বাচন ও ৭-রামনগর বিধানসভা আসনের উপনির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করা হবে। আজ সন্ধ্যায় পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে জেলা নির্বাচন আধিকারিক (ডিইও) তথা পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার একথা জানান। সাংবাদিক সম্মেলনে জেলাশাসক ডা. বিশাল কুমার নির্বাচন সুষ্ঠু ও অবাধভাবে সম্পন্ন করার জন্য সংবাদমাধ্যমেরও সহযোগিতা চেয়েছেন।

সাংবাদিক সম্মেলনে জেলা নির্বাচন আধিকারিক ডা. বিশাল কুমার জানান, ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের ও ৭-রামনগর বিধানসভা আসনের উপনির্বাচনের জন্য আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি হবে আগামী ২০ মার্চ, ২০২৪। তিনি জানান, ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় আসনের মধ্যে ৩০টি বিধানসভা কেন্দ্র রয়েছে। এই সংসদীয় আসনের মোট ভোটার রয়েছেন ১৪ লক্ষ ৬১ হাজার ৮৩৬ জন। এরমধ্যে পুরুষ ভোটার হচ্ছে ৭ লক্ষ ৩৩ হাজার ৬৪৫ জন। মহিলা ভোটার ৭ লক্ষ ২৮ হাজার ৩১৫ জন। তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন ৫৮ জন। সার্ভিস ভোটার রয়েছেন ৫ হাজার ৯২০ জন। এরমধ্যে পুরুষ ভোটার ৫ হাজার ৮০৮ জন এবং মহিলা ভোটার ১১২ জন। দিব্যাঙ্গ অংশের ভোটার রয়েছেন ৭ হাজার ৮১৮ জন। গত বিধানসভা নির্বাচনের চেয়ে এবার দিব্যাঙ্গ ভোটারের সংখ্যা ১৫ থেকে ২০ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

সাংবাদিক সম্মেলনে জেলা নির্বাচন আধিকারিক জানান, দিব্যাঙ্গ ভোটার সহ সমস্ত ভোটাররা যেন নির্বিশেষে ভোটাধিকার সম্পন্ন করতে পারেন সেজন্য ভোটকেন্দ্রগুলিতে ভোটারদের জন্য সমস্ত সুযোগ সুবিধা থাকবে। তিনি জানান, পশ্চিম ত্রিপুরা সংসদীয় নির্বাচনী ক্ষেত্রে মোট ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে ১,৬৮৫টি। প্রত্যেক বিধানসভা কেন্দ্রে ১ থেকে ২টি ভোটগ্রহণ কেন্দ্রকে মডেল ভোটগ্রহণ কেন্দ্র হিসেবে ঘোষণা করা হবে। এছাড়াও প্রত্যেক বিধানসভা কেন্দ্রে ১ থেকে ২টি ভোটগ্রহণ কেন্দ্র মহিলা পরিচালিত হবে। তিনি জানান, শুধুমাত্র পশ্চিম জেলায় ভোটগ্রহণ কেন্দ্র থাকছে ৭৯৩টি। রাজ্যের ঐতিহ্য অনুযায়ী এবারও ব্যাপক সংখ্যায় ভোটাররা ভোট দিতে এগিয়ে আসবেন বলে আশা প্রকাশ করে তিনি বলেন, ভোটগ্রহণ সুষ্ঠু ও অবাধভাবে সম্পন্ন করতে সমস্ত প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। আজ সমস্ত রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে এক সর্বদলীয় বৈঠক করা হয়েছে বলে তিনি জানিয়েছেন। তিনি জানান, ৭-রামনগর কেন্দ্রে উপনির্বাচনের জন্য মোট ভোটার রয়েছেন ৪৫ হাজার ৬৬৯ জন। এরমধ্যে মহিলা ভোটার ২৩ হাজার ৬২৯ জন এবং পুরুষ ভোটার ২২ হাজার ৪০ জন।

সাংবাদিক সম্মেলনে পশ্চিম জেলার পুলিশ সুপার কিরণ কুমার কে জানান, পশ্চিম জেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি সম্পূর্ণ নিয়ন্ত্রণে রয়েছে। বিভিন্ন স্পর্শকাতর এলাকায় নিয়মিত পেট্রোলিং করা হচ্ছে।

\*\*\*\*\*